গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

বিষয়: বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর মার্চ, ২০২২ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আমিনুল ইসলাম<br>মহাপরিচালক (অতিরিক্ত সচিব) |
| সভার তারিখ | ৩১ মার্চ, ২০২২ |
| সভার সময় | দুপুর ২.০০ ঘটিকায় |
| স্থান | বিপিআই সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | সংযুক্তি 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

২। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। | **বিগত সভার কার্যবিবরণীর সংশোধনী**<br>সভার প্রারম্ভে গত ফেব্রুয়ারি মাসের সমন্বয় সভার কার্যবিবরণীতে কোনোরূপ সংশোধনীর প্রয়োজন আছে কিনা তা জানতে চাওয়া হলে উপস্থিত সকল কর্মকর্তা জানান যে কোনোরূপ সংশোধনের প্রয়োজন নাই। | কোনো সংশোধনী না থাকায় বিগত মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | ১।পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) |
| ২। | **বিপিআই- এর বিভিন্ন মাসিক বিল প্রদান**<br>সভায় ফেব্রুয়ারি, ২০২২ মাসের বিদ্যুৎ, গ্যাস, টেলিফোন, পানি, Wifi ইত্যাদি বিল যথাসময়ে পরিশোধ করা হয়েছে কিনা জানতে চাওয়া হলে উপস্থিত সংশ্লিষ্ট কর্মকর্তা জানান, নির্ধারিত সময়ের মধ্যে বিলসমূহ পরিশোধের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | যথাসময়ে বিদ্যুৎ, গ্যাস, টেলিফোন, পানি, Wifi ইত্যাদি বিলসমূহ পরিশোধের ধারা অব্যাহত রাখতে হবে। | ১। উপপরিচালক<br>২। সহকারী পরিচালক, হিসাব শাখা |

| | | | |
|---|---|---|---|
| ৩। | **প্রশাসন শাখার মাসিক ও পাক্ষিক প্রতিবেদন প্রেরণ**<br>সভায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে চাহিত তথ্যাদি ও প্রশাসনিক বিবিধ প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে জানতে চাওয়া হয়। বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশাসন) সভাকে জানান, ফেব্রুয়ারি মাসের মাসিক ও পাক্ষিক প্রতিবেদনসমূহ মন্ত্রণালয়ে যথাসময়ে প্রেরণ করা হয়েছে এবং সকল প্রাপ্ত চিঠি নিষ্পত্তি করা হয়েছে। যথাসময়ে প্রতিবেদন ও পত্র নিষ্পত্তির জন্য সভাপতি মহোদয় এ সংশ্লিষ্ট সকল কর্মকর্তাগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন।<br>এপিএ/ইনোভেশন/শুদ্ধাচার সংক্রান্ত নির্ধারিত সভা/প্রমাণক যথাসময়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণের জন্য সভাপতি নির্দেশনা দেন। | যথাসময়ে প্রতিবেদন ও পত্র নিষ্পত্তির ধারা অব্যাহত রাখতে হবে। এপিএ/ইনোভেশন/শুদ্ধাচার সংক্রান্ত নির্ধারিত সভা/প্রমাণক যথাসময়ে প্রেরণ করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশাসন শাখা<br>৩। এপিএ, শুদ্ধাচার ও ইনোভেশন টিমের কর্মকর্তাগণ |
| ৪। | **হিসাব শাখার যাবতীয় কার্যক্রম**<br>সভায় হিসাব শাখার পেন্ডিং প্রতিবেদন বিষয়ে জানতে চাওয়া হলে সহকারী পরিচালক (হিসাব শাখা) জনাব মোঃ রুবেল হোসেন সভাকে জানান, হিসাব শাখার ফেব্রুয়ারি মাসের মাসিক ও পাক্ষিক প্রতিবেদনসমূহ যথাসময়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে । যথাসময়ে প্রতিবেদন প্রেরণের জন্য সভাপতি মহোদয় এ সংশ্লিষ্ট সকল কর্মকর্তাগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং এ ধারা অব্যাহত রাখার পরামর্শ প্রদান করেন। | আর্থিক প্রতিবেদনসমূহ যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করার ধারা অব্যাহত রাখতে হবে। | ১। সহকারী পরিচালক, হিসাব শাখা |
| ৫। | **৯ম গ্রেডে সরাসরি নিয়োগপ্রাপ্ত হওয়ায় একটি অগ্রিম বেতন বৃদ্ধি প্রাপ্তির অগ্রগতি**<br>সভায় বিগত সমন্বয় সভায় উত্থাপিত ৯ম গ্রেডে সরাসরি নিয়োগপ্রাপ্ত হওয়ায় একটি অগ্রিম বেতন বৃদ্ধির অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়া হলে বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশাসন) জানান, নথিটি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ থেকে অর্থ বিভাগে চূড়ান্ত অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে যোগাযোগের মাধ্যমে নথিটির অগ্রগতি পরবর্তী সমন্বয় সভায় অবহিত করার নির্দেশনা প্রদান করেন। | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে নিয়মিত যোগাযোগের মাধ্যমে এ সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি পরবর্তী সমন্বয় সভায় অবহিত করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। সহকারী পরিচালক (হিসাব শাখা) |
| ৬। | **প্রশিক্ষণ শাখার যাবতীয় কার্যক্রম**<br>সভায় মার্চ মাসে অনুষ্ঠিত প্রশিক্ষণ কার্যক্রম এর অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়া হলে বৈজ্ঞানিক কর্মকর্তা (জনাব মোঃ জিসান ফারদিন) জানান, বিপিআই-এ মার্চ, ২০২২ মাসে ৩ টি প্রশিক্ষণের সফলভাবে আয়োজন করা হয়। উক্ত প্রশিক্ষণ/কর্মশালায় মোট ৭২ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করে। সভাপতি মহোদয় প্রশিক্ষণ সংশ্লিষ্ট সকল কর্মকর্তাগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং এ ধারা অব্যাহত রাখার পরামর্শ প্রদান করেন। | অনুরোধের প্রশিক্ষণ/কর্মশালা সহ প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী সকল প্রশিক্ষণ কার্যক্রম নিয়মিতভাবে পরিচালনার এ ধারা অব্যাহত রাখতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা<br>৩। বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ) |

| | | | |
|---|---|---|---|
| ৭। | **অনলাইনে বুনিয়াদি প্রশিক্ষণ**<br><br>অনলাইনে বুনিয়াদি প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়। বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ) জানান আগামী ১৭ এপ্রিল, ২০২২ তারিখ থেকে বিপিআই-এ অনলাইনে বুনিয়াদি প্রশিক্ষণ আয়োজন করা হবে। অনলাইনে বুনিয়াদি প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী মনোনয়ন চেয়ে ১২ মার্চ, ২০২২ তারিখে সকল দপ্তর/সংস্থায় চিঠি প্রেরণ করা হয়েছে। সভাপতি মহোদয় প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রদানের জন্য প্রশিক্ষণ সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে সকল দপ্তর/সংস্থার প্রধানদের সাথে মুঠোফোনে যোগাযোগের নির্দেশনা প্রদান করেন। | বুনিয়াদি প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী মনোনয়ন এর জন্য সকল দপ্তর/সংস্থার প্রধানদের সাথে মুঠোফোনে যোগাযোগে করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)।<br>২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ শাখা)।<br>৩। বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ শাখা)। |
| ৮। | **বিপিআই এর গবেষণা কার্যক্রমের অগ্রগতি**<br>গবেষণা ও লার্নিং সেশন সংক্রান্ত কার্যক্রম গ্রহণের নিমিত্ত আলোচনা করা হয়। "A Study on the Optimum Ratio of Propane and Butane Mixture in LPG and Effects of Impurities for Different Usages"শিরোনামে গবেষণা পরিচালনার জন্য তথ্য সংগ্রহের কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভাকে জানানো হয়। সভাপতি গবেষণা কার্যক্রম এর অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন কর | গবেষণা কার্যক্রম এর অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | ১। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা<br>২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা)।<br>৩। বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ শাখা)। |
| ৯। | **ডেস্কটপ কম্পিউটার ক্রয় সংক্রান্ত**<br>সভায় বিপিআই-এর সকল কর্মকর্তার দাপ্তরিক কাজ সম্পাদনের নিমিত্ত ডেস্কটপ কম্পিউটার ক্রয় সংক্রান্ত কাজের অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়া হলে, বৈজ্ঞানিক কর্মকর্তা (ভান্ডার শাখা) জানান, ডেস্কটপ কম্পিউটার ক্রয়ের জন্য দরপত্র আহ্বান করা হয়েছে। সভাপতি ক্রয় প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করেন। | ডেস্কটপ কম্পিউটার ক্রয়ের প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। বৈজ্ঞানিক কর্মকর্তা (ভান্ডার শাখা) |
| ১০। | **বিপিআই-এর ছাদবাগান সংক্রান্ত**<br>বিপিআই- এর প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ছাদবাগানের গাছগুলোতে পানি সরবরাহের জন্য একটি পানির পাম্প ক্রয় করা জরুরী বলে সভাকে অবহিত করেন। সভাপতি পানির পাম্প ক্রয় করার লক্ষ্যে বাজারদর যাচাই কমিটিকে বাজারদর যাচাই করার নির্দেশনা প্রদান করেন। | পানির পাম্প ক্রয় করার লক্ষ্যে বাজারদর যাচাই করতে হবে। | ১। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা<br>২। বাজারদর যাচাই ও ক্রয়কমিটির সদসবৃন্দ। |
| ১১। | **বিপিআই-এ কম্পিউটার ল্যাব স্থাপন সংক্রান্ত**<br>পরিচালক বিপিআই কে আধুনিক প্রশিক্ষণ প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার লক্ষ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের নির্দেশনা মোতাবেক কম্পিউটার ল্যাব স্থাপন করা জরুরী বলে সভাকে অবহিত করেন। সভাপতি কম্পিউটার ল্যাব স্থাপন করার জন্য দ্রুত পদক্ষেপ নেওয়ার নির্দেশনা প্রদান করেন। | কম্পিউটার ল্যাব স্থাপন করার জন্য দ্রুত পদক্ষেপ নিতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br>২। বৈজ্ঞানিক কর্মকর্তা (ভান্ডার শাখা) |

৩। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আমিনুল ইসলাম
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

স্মারক নম্বর: ২৮.০৪.০০০০.০০৩.০৬.০০১.১৭.৫৪ তারিখ: ২৭ চৈত্র ১৪২৮
১০ এপ্রিল ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ), প্রশাসন ও প্রশিক্ষণ অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
২) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট (আর এন্ড ডি) অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৩) ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ অধিশাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৪) বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ অধিশাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৫) বৈজ্ঞানিক কর্মকর্তা, ডাটা ম্যানেজমেন্ট অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৬) বৈজ্ঞানিক কর্মকর্তা, রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট (আর এন্ড ডি) অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৭) সহকারী পরিচালক, হিসাব শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৮) সহকারী পরিচালক, ভান্ডার শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৯) সহকারী পরিচালক, সাধারণ প্রশাসন শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
১০) বৈজ্ঞানিক কর্মকর্তা, মাইনিং ইঞ্জিনিয়ারিং শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
১১) বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রোডাকশন,প্রসেসিং এন্ড ডিস্ট্রিবিউশন টেকনোলজিস শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
১২) বৈজ্ঞানিক কর্মকর্তা, ড্রিলিং এন্ড ওয়েল ডেভেলপমেন্ট টেকনোলজি শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
১৩) বৈজ্ঞানিক কর্মকর্তা, ডাটা প্রসেসিং,আইটি এন্ড ব্যুরো সার্ভিস শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
১৪) সহকারী পরিচালক, গ্রন্থাগার শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট



মোঃ আমিনুল ইসলাম
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)